**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 14-09-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

## PRESIDENT-GANESH CHOTURTHI :

আজ গণেশ চতুর্থী | রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গণেশ চতুর্থী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাষ্ট্রপতি বলেন, ভগবান গণেশ জ্ঞান, সমৃদ্ধি ও শুভ সূচনার প্রতীক। তিনি বলেন, গণেশ চতুর্থীর উৎসব আমাদের জীবনে উদ্যম, জ্ঞান ও ইতিবাচকতা নিয়ে আসে। এই পবিত্র উৎসব জীবনে নতুন সংকল্প নিয়ে অগ্রগতির পথে এগিয়ে চলার অনুপ্রেরণা জোগায়। তিনি, সকলের জীবনে সুখ, শান্তি, সুস্বাস্থ্য ও সমৃদ্ধির জন্য প্রার্থনা জানান।

**********************

## PM-BRICS :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ব্রিকসের বৈচিত্র্যই এর পরিচয় হয়ে থাকবে৷ সহযোগিতা হবে অনুপ্রেরণার উৎস এবং এর অগ্রগতি মানবতার কল্যাণে অবদান রাখবে। নয়াদিল্লিতে দু'দিনের ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের শেষ দিনে গতকাল প্রধানমন্ত্রী বলেন, ব্রিকস শুধুমাত্র একটি গোষ্ঠী নয়, বরং সমাধানের ইকোসিস্টেম। শ্রী মোদি আশা প্রকাশ করেন, সম্মেলনে গৃহীত 'নয়াদিল্লি ঘোষণাপত্র' অভিন্ন দৃষ্টিভঙ্গি এবং ভবিষ্যৎ সহযোগিতার জন্য সুস্পষ্ট

দিশা দেবে। ব্রিকসের পরবর্তী সভাপতি হিসেবে চীনকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। শ্রী মোদি সতর্ক করে বলেন, প্রযুক্তি এবং গুরুত্বপূর্ণ খনিজকে অস্ত্র হিসেবে ব্যবহার উন্নয়নের পথে বড় বাধা হয়ে উঠতে পারে। তিনি বলেন, নতুন প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গির ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে ব্রিকস দেশগুলি।

*****************

**BLOOD DONATION :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সুস্থ ও শক্তিশালী সমাজ গঠনে যুবসমাজ এবং স্বেচ্ছাসেবী পরিষেবার গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর জোর দিয়েছেন। আগরতলার আইজিএম হাসপাতালে বিজেপি যুব মোর্চার আয়োজিত রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে গতকাল মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ গঠনে যুবকদের মূল অংশীদার হিসেবে অগ্রাধিকার দিয়েছেন। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে আয়োজিত কর্মসূচির অংশ হিসেবে এই শিবিরটি অনুষ্ঠিত হয়। আগরতলায় দুটি জায়গায় রক্তদান শিবির হচ্ছে। সদরের যুব মোর্চার উদ্যোগে জিবি হাসপাতালে রক্তদান শিবিরে বিজেপির রাজ্য সভাপতি অভিষেক দেবরায়সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী একইদিনে আগরতলার বিএসএফ ফ্রন্টিয়ার হেডকোয়ার্টার্সে বিএসএফ-এর সহযোগিতায় রোটারি ক্লাব অফ অ্যাসপায়ারিং আগরতলা আয়োজিত 'সঞ্জীবনী-থ্রি' রক্তদান শিবিরে যোগ দেন।পরে সামাজিক মাধ্যমে তিনি এই উদ্যোগের প্রশংসা করেন।উত্তর বাধারঘাটের আরেকটি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার স্বাস্থ্য ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতি হয়েছে এবং জটিল চিকিৎসার জন্য রাজ্যের বাইরে রোগী পাঠানোর সংখ্যা কমতে শুরু করেছে।

এদিকে, প্রধানমন্ত্রীর জন্মদিন'কে সামনে রেখে গতকাল ঊনকোটি জেলার ফটিকরায় বাজার শেডে ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উত্তর জেলা যুবমোর্চার উদ্যোগেও এদিন ধর্মনগর জেলা হাসপাতালে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

অপরদিকে, ভারতীয় জনতা যুব মোর্চা, দক্ষিণ পিলাক জেলার উদ্যোগে জোলাইবাড়ি, বিলোনিয়া ও সাব্রুমে গতকাল রক্তদান শিবির অনুষ্ঠিত হয়।

*******************

**MBBS-Seat Matrix :**

আগরতলা সরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে আরো ৫0 টি আসন বাড়ল। এর ফলে এই কলেজে আসন বেড়ে দাঁড়িয়েছে ২00টি। ন্যাশনাল মেডিকেল কমিশনের সিট ম্যাট্রিক্সে গতকাল এই তথ্য পাওয়া গেছে। এর ফলে ত্রিপুরার তিনটি মেডিকেল কলেজে এমবিবিএস আসন সংখ্যা বেড়ে হয়েছে মোট ৫00। টি.এম.সি এবং শান্তিনিকেতন মেডিকেল কলেজে রয়েছে ৩00টি আসন।

*********************

**Engineer’s Day:**

আগামীকাল ১৫ সেপ্টেম্বর পালিত হবে ৫৯তম প্রকৌশলী দিবস। এই দিনটিকে সামনে রেখে গতকাল অল ত্রিপুরা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয় স্বাস্থ্যশিবির ও বস্ত্র বিতরণ। স্বাস্থ্য শিবিরে দেড়শ` জন বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন।

এছাড়া, আসন্ন দুর্গা পূজা উপলক্ষে আগরতলা পুর নিগমের সাফাই কর্মীদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার। এদিকে ত্রিপুরা পাওয়ার ইঞ্জিনীয়ার্স অ্যাসোসিয়েশন-এর উদ্যোগে এদিন আগরতলায় অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার হাসপাতালে রোগীদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

********************

**150 years Vande Mataram :**

বন্দেমাতরম-রচনার ১৫০ বছর পূর্তি উপলক্ষে সমাজ শক্তি সোসাইটির উদ্যোগে ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের সহযোগিতায় শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে দুইদিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান গতকাল শেষ হয়েছে। শেষদিনে চিত্রাঙ্কন, লোক সংগীত ও লোকনৃত্য প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, চিত্রশিল্পীদের কর্মশালা ও শান্তিরবাজার শহরে ইউনিটি র‍্যালি অনুষ্ঠিত হয়।

********************

**INDIA JUNIOR ASIA HOCKEY CHAMPION :**

চীনের মোচিতে জুনিয়র এশিয়া কাপ হকিতে ভারতের পুরুষ ও মহিলা— উভয়দলই চ্যাম্পিয়ন হয়েছে। ফাইনালে ভারতীয় পুরুষ দল দক্ষিণ কোরিয়াকে ৪-১ গোলে হারিয়ে শিরোপা ধরে রাখল। এই জয়ের ফলে জুনিয়র এশিয়া কাপের ইতিহাসে পুরুষদের শিরোপা চারবার জয় করা প্রথম দল হলো ভারত। মহিলা দল ফাইনালে আয়োজক চীনকে ১-0 গোলে হারিয়েছে। এর ফলে ভারতীয় মহিলা দল টানা তৃতীয়বার জুনিয়র এশিয়া কাপ জিতল। দুই দলই এশিয়া কাপ জয়ের মাধ্যমে জুনিয়র হকি বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দুই দলকেই

অভিনন্দন জানিয়ে তরুণ খেলোয়াড়দের প্রতিভা, দৃঢ়তা ও সাফল্যের প্রশংসা করেছেন।

******************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। সারা রাজ্যেই বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*****************

*******************